

নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২

তারিখ: ২৪ অক্টোবর ১৪২১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: সরকারি কলেজ, সরকারি মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরীয় আঞ্চলিক অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং জেলা শিক্ষা অফিসের অব্যবহৃত ভবন/মালামাল/যানবাহন ইত্যাদি নিলামে বিক্রয়।

সরকারি কলেজ, সরকারি মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরীয় আঞ্চলিক অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং জেলা শিক্ষা অফিসের অব্যবহৃত ভবন/মালামাল/যানবাহন ইত্যাদি নিলামে বিক্রয়ের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে :-

১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের যে সকল ভবন/মালামাল/যানবাহন নিলামে বিক্রয় করার প্রয়োজন হবে তার সংখ্যা ও কারণ উল্লেখপূর্বক একেজো ঘোষণার জন্য নিম্নবর্ণিত স্থানীয় কনডেমনেশন কমিটির সভাপতির নিকট প্রস্তাব প্রেরণ করবেন।

স্থানীয় কনডেমনেশন কমিটি :

- | | |
|---|--------------|
| ১) জেলা প্রশাসক | - সভাপতি |
| ২) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল পরিদপ্তর | - সদস্য |
| ৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | - সদস্য |
| ৪) সরকারি মটরযান পরিদর্শক (কেবল যানবাহনের ক্ষেত্রে) | - সদস্য |
| ৫) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| ৬) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/আঞ্চলিক উপপরিচালক/প্রধান শিক্ষক/ জেলা শিক্ষা অফিসার (প্রস্তাব দানকারী অফিস-এর প্রধান) | - সদস্য-সচিব |

২। স্থানীয় কনডেমনেশন কমিটির সভাপতি প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাবিত ভবন/মালামাল/মটরযান সরেজমিনে যাচাই-পূর্বক প্রাথমিক ক্রয় মূল্যসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল পরিদপ্তর (ভবন ও মালামালের ক্ষেত্রে)/সরকারি মটরযান পরিদর্শককে (যানবাহনের ক্ষেত্রে) নির্দেশনা প্রদান করবেন।

৩। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল পরিদপ্তর অথবা সরকারি মটরযান পরিদপ্তরের প্রতিবেদন প্রাপ্তির পর স্থানীয় কনডেমনেশন কমিটিতে প্রস্তাবটি উপস্থাপন করা হবে।

৪। স্থানীয় কনডেমনেশন কমিটি নিলামের প্রস্তাব ও প্রাথমিক ক্রয় মূল্য যাচাই-বাছাই করে নিলামে বিক্রয়ের বিষয়ে সুপারিশ করবে।

৫। স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান উক্ত রূপ একেজো ঘোষণার প্রস্তাব অনুমোদনের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।

প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
ডায়েরী নং- ২০০০
তারিখ- ২০/১১/১৮
পরিচালক/সহকারী- ২৬৬৮
উপ-পরিচালক-
নির্বাহী প্রকৌশলী- ২৬৬৮
উপস্থাপন করণ/ব্যবস্থা দিন/যাদাণ করণ।
প্রধান প্রকৌশলী।

ACC (ELECT)
২০/১১/১৮
২৩/১১/১৮
২৩/১১/১৮

৬। অকেজো ঘোষণার প্রস্তাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট দপ্তরের প্রধান যাবতীয় ভবন ও মালামালের সংখ্যা এবং ভবন ও মালামালের হালনাগাদ অবস্থা উল্লেখ করে নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :

৬. ক) যদি ভবন/মালামালের প্রাথমিক বিক্রয় মূল্য/প্রাক্কলিত মূল্য এক লক্ষ টাকার কম হয় তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস ও জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৬. খ) এক লক্ষ টাকার বেশি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে, সংশ্লিষ্ট জেলা প্রশাসনের ওয়েবসাইটে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৭। বিজ্ঞপ্তি প্রচারের পর নিলামের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :-

- ক) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার কম হলে স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট দপ্তর প্রধান অব্যবহৃত ভবন/মালামাল বিক্রয় করতে পারবেন।
- খ) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার বেশি হলে উক্ত নিলাম মূল্য সংশ্লিষ্ট দপ্তর ও কনডেমনেশন কমিটির সুপারিশসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের পর সংশ্লিষ্ট দপ্তর প্রধান অব্যবহৃত ভবন/মালামাল/ যানবাহন বিক্রয় করতে পারবেন।

৮। এ পরিপত্র অবিলম্বে কার্যকর করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের গত ০১/০১/১৯৯৬ তারিখে জারিকৃত পরিপত্র নং-শিম/শা:১০/কমিটি/১৫-২/৯৫(অংশ-২)/১১১ এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।।

ডক্ট নং- ৩২২	তারিখ- ১৮/১২/২০১৪
সহকারী প্রকৌশলী	
উপ-সহকারী প্রকৌশলী	
দ্বিসংখ্য স্বাক্ষর	
সহকারী	

(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং- ৩৭.০০.০০০/১৫-২/৯৫(অংশ-২)/১১১

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) কার্যক্রম গ্রহণের জন্য :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(শিক্ষা ও কল্যাণ শাখা)
website- www.sylhet.gov.bd.

স্মারকনং- ০৫.৬০.৯১০০.০১৭.৩৪.০০৮.১৪. ৬২০(২০)

তারিখ: ০২
০২ ডিসেম্বর ১৪২১
০৮ ডিসেম্বর ২০১৪

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল) সিলেট।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....., সিলেট।
- ৫। সহকারী পরিচালক, বিআরটিএ, সিলেট।

(মোঃ হুসেইন মোবাস্শের হাসান)
সিঙ্গির সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
সিলেট।